

নং- ৪৬.০০.৪৮০০.০৪২.১৪.০৬৭.১৭. ৪০৬৭

তারিখঃ ২৬ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
১১ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ কিশোরগঞ্জ জেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ কিশোরগঞ্জ জেলা পরিষদের স্মারক নং- ৪৬.৪২.৪৮০০.০০২.১৪.০০১.১৬.৩০, তারিখঃ ৬/২/২০১৮।

কিশোরগঞ্জ জেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে রাজস্ব তহবিলের ৭৬,৫০,০০০/- (ছিয়াত্তর লক্ষ পঞ্চাশ হাজার) টাকায় গৃহীত ৭০টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং- ২১, ২৩, ৪২, ৪৬, ৩ ৬৭ এ বর্ণিত প্রকল্পগুলো ব্যক্তিগত কবরস্থানের উন্নয়ন সংক্রান্ত হওয়ায় উক্ত প্রকল্পগুলো ব্যতীত ৬৬,০০,০০০/- (ছেষটি লক্ষ) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ৬৪টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ১) পিপিআর-২০০৮ এর বিধি-বিধান অনুসরণ পূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ২) ৫.০০ লক্ষ বা তদুর্ধ্ব টাকার প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, কিশোরগঞ্জ কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- ৩) দ্বৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৪) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- ৫) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে ;
- ৬) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে “জেলা পরিষদ কিশোরগঞ্জ এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।
- ৭) স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১৬ তারিখের ২২৬০ নং স্মারকে বর্ণিত নির্দেশনা অনুযায়ী এডিপি মোট বরাদ্দের ৪০ শতাংশের বেশী প্রকল্প পিআইসি (প্রকল্প বাস্তবায়ন কমিটি) মাধ্যমে বাস্তবায়ন করা যাবে না।

২। ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকায় গৃহীত মীরেরগাঁও কাজী দুধ খামার উন্নয়ন প্রকল্পটি ব্যক্তি মালিকানাধীন কিনা তা জানানোর জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

JM
(ড. জুলিয়া মর্দীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, কিশোরগঞ্জ।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।